PHIL-G-CC-T-02 SOMA THAKUR

যে কোন হেতুবাক্যে নঞর্থক বাক্য হলেই হবে, এক্ষেত্রে হেতু দুটি হেতুবাক্যের বিধেয়স্থানে আছে, সেক্ষেত্রে প্রথম হেতুবাক্যে বিধেয় পদ ব্যাপ্য না হলেও (A বচনের বিধেয় পদ ব্যাপ্য হয় না বলে) দ্বিতীয় হেতুবাক্যে হেতুপদ E বচনের বিধেয়রূপে ব্যাপ্য হয়েছে (E বচনের দুটি পদই ব্যাপ্য), দুটি হেতুবাক্য সামান্য এবং একটি নঞর্থক হওয়ায় সিদ্ধান্তও সামান্য নঞর্থক (E) বচন হয়েছে। সব কটি নিয়ম যথাযথভাবে পালন করায় যুক্তিটি বৈধ হয়েছে, এটি দ্বিতীয় সংস্থানের বৈধ মূর্তি, এর নাম CAMESTRES।

বৈধতা বিচার করার জন্য নিয়মগুলি মুখস্ত রাখতে হবে এবং বৈধ মূর্তির নামও মুখস্ত করতে হবে, প্রতিটি সংস্থানের নামের পাশে একটি করে ছড়া দিলাম, মুখস্ত রাখতে সুবিধা হবে।

| ১ম | 2 য় |
|---|---|
| BARBARA - বারবার | CESARE - সিজারের |
| CELARENT - চেলেরা | CAMESTRES - কেমিস্ট্রি |
| DARII - দৌড়ে | FESTINO - ফার্স্ট |
| FERIO - ফেরে | BAROCO - ব্যারাকে |

| ৩য় | ৪র্থ |
|---|---|
| DARAPTI - দপ্তরীটি | BRAMANTIP - ব্রাহ্মনেরা |
| DATISI - দাঁড়িয়ে আছে | CAMENES - কেমন আছে |
| DISAMIS - ডিসমিস হয়ে | DIMARIS - ডিমারির দেশে |
| FELAPTON - ফেল করার পরে | FESAPO - ফিসারে গো |
| FERISON - ফেরিওয়ালা | FRESISON - ফ্রেসিসন |
| BOCARDO - বোকার মত চেয়ে | ব্রাহ্মন চেন কিসে? |

Scanned with CamScanner